

পত্রাংক নং : ৭৯ / জি / ১৫

তারিখ : ১৭ / ০২ / ১৫

পশ্চিমবঙ্গ

সাব-অর্ডিনেট ইঞ্জিনিয়ারিং  
সার্ভিস এ্যাসোসিয়েশন

(পশ্চিমবঙ্গ সরকারের স্বীকৃতি পত্র নং ৩৮৬৫-ই, তারিখ ০৭।১১।৫০)

কেন্দ্রীয় দপ্তর : পি ডব্লিউ ডি অফিস, মিলবর্তন সরকার হাসপাতাল, কলকাতা-৭০০০১৪



মাননীয়

বিশেষ দায়িত্বপ্রাপ্ত আধিকারিক ও পদাধিকারে সচিব,  
সেচ ও জলপথ অধিকার,  
জলসম্পদ ভবন, লবণহ্রদ, কলকাতা।

বিষয় : সেচ ও জলপথ অধিকারে কর্মরত সাব-এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারদের বাৎসরিক বদলী ২০১৫ প্রসঙ্গে।

- পত্রোল্লেখ : (১) অধিকার কর্তৃক প্রকাশিত আদেশনামার স্মারক নং ১৩০(১৪০)-সি.আই.ই.-২টি-০২/২০১৫, তারিখ ২২.০১.১৫।  
(২) অধিকার কর্তৃক প্রকাশিত আদেশনামার স্মারক নং ২১৩৪(১৪০)-সি.আই.ই.-২টি-০২/২০১৫, তারিখ ১৩.০২.১৫।  
(৩) সমিতি প্রদত্ত পত্রের স্মারক নং ৭৫/জি/২০১৫, তারিখ ২৭.০১.২০১৫।

মহাশয়,

সেচ ও জলপথ অধিকারের পক্ষ থেকে প্রকাশিত দপ্তরে কর্মরত সাব-এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারদের প্রথম সাধারণ বদলী আদেশনামার অসঙ্গতি ও বৈষম্যগুলির প্রতি সমিতির পক্ষ থেকে অধিকারের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল, যার অনুলিপি আপনাকেও দেওয়া হয়েছিল। এক্ষেত্রে আমাদের প্রধান বক্তব্য ছিল সাব-এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারদের সাধারণ বদলীর যে নীতি দপ্তর কর্তৃক প্রকাশিত হয়েছিল, প্রকাশিত বদলী আদেশনামা তদানুযায়ী হয়নি। বদলী নীতিকে অকার্যকরী করে কর্তৃপক্ষদের মর্জি-মাফিক বদলীর আদেশনামাটি প্রকাশিত হয়েছে। অসঙ্গতি বা বৈষম্যগুলি দূরীকরণের জন্য অধিকারের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের সঙ্গে বিষদে আলোচনা হয়, সমিতির পক্ষ থেকে উত্থাপিত আপত্তিসমূহ তিনিও নস্যাৎ করতে পারেন নি। বৈষম্যগুলিকে সংশোধনের জন্য আমরা সমিতির পক্ষ থেকে সুনির্দিষ্ট সুপারিশও তার নিকট রেখেছিলাম।

কিন্তু অত্যন্ত বিস্ময়ের সঙ্গে আমরা লক্ষ্য করলাম যে, অধিকারের প্রথমোক্ত আদেশনামার সংশোধিত রূপে প্রকাশিত দ্বিতীয় আদেশনামাটি (অধিকারের স্মারক নং ২১৩৪(১৪০)-সি.আই.ই.-২টি-০২/২০১৫, তারিখ ১৩.০২.১৫) পূর্বের ন্যায় একইভাবে সপ্তাহের শেষ দিনে এবং অফিস ছুটির পর প্রকাশিত হল, যা সংশ্লিষ্ট আধিকারিকের সঙ্গে সমিতির প্রতিনিধিদের আলোচনার অনুরারী নয়। এমনকি এটাও লক্ষ্য করলাম তার সঙ্গে পূর্বের আলোচনায় কর্মচারীদের বিভিন্ন জুলন্ত সমস্যাকে উপেক্ষা করে একটা ক্ষুদ্র অংশের স্বার্থ সুরক্ষা করার মধ্য দিয়ে কর্মচারীদের অভিভাবক হিসাবে সমস্বার্থ রক্ষার দৃষ্টিভঙ্গী এক্ষেত্রে বর্জন করাই হয়েছে।

এমতাবস্থায় আপনার সাথে সমিতির প্রতিনিধিদের এতদসংক্রান্ত বিষয়ে একটি পূর্ণাঙ্গ আলোচনার জন্য দ্রুত একটি দিন ও সময় নির্ধারণের অনুরোধ জানাচ্ছি।

অভিনন্দন সহ,

ভবদীয়,

শ্যামসুন্দর পাল  
২৭/০২  
|| সাধারণ সম্পাদক ||



অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

- ১) মাননীয় কর্মচারী বিষয়ক অধিকর্তা তথা পদাধিকারে মুখ্য বাস্তবকার, সেচ ও জলপথ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার, জলসম্পদ ভবন, লবণহ্রদ, কলকাতা।

শ্যামসুন্দর পাল  
২৭/০২  
|| সাধারণ সম্পাদক ||